# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

শৃঙ্খলা ও আপিল বিভাগ

www.pallisanchaybank.gov.bd

স্মারক নম্বর : পসব্য/প্রকা/প্রশা-২২(৪৫৮)/ (২০২৩-২৪)/ ২৪৮২ তারিখ ঃ ০৭ মে , ২০২৪ খ্রি

**পল্লী সঞ্চয় ব্যাংক, জনাব রতন চন্দ্র দাস (আর-৪৪১), মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), জেলা (আঞ্চলিক) কার্যালয়, বগুড়া (সংযুক্ত) এর বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলাজনিত জনিত মামলা নম্বর নং ২৭০ /২০২৩-২৪ এর**

## অভিযোগনামা

যেহেতু আপনি জনাব রতন চন্দ্র দাস (আর-৪৪১) (সাময়িকভাবে বরখাস্তকৃত), মাঠ সহকারী ,পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, বগুড়া (সংযুক্ত)। ইতঃপূর্বে দুমকি শাখা, পটুয়াখালীতে দ্বায়িত্বপালনকালে আপনি পরিশিষ্ট ‘ক’, পরিশিষ্ট ‘খ’, এবং পরিশিষ্ট ‘গ ’অনুসারে সঞ্চয় বাবদ ৬৯,৮০০/- টাকা, ঋণের কিস্তি বাবদ ১৬,১১,৩২৬/- টাকা এবং বিতরণকৃত ঋণ থেকে ৭০,০০০/- টাকা সহ সর্বমোট ১৭,৫১,১২৬/- (সতের লক্ষ একান্ন হাজার একশত ছাব্বিশ) টাকা হস্তমজুদ করেন;

০২। যেহেতু আপনি আপনার পরিবার ও আত্মীয় এরূপ ০৫ (পাঁচ) জনের নামে পাঁচ লক্ষ টাকা ঋণ নিয়েছেন (স্ত্রী- দিপানিতা হাজরা, মা- আলো রানী, বড় ভাইয়ের স্ত্রী- অনন্যা দাস ও মেজ ভাইয়ের স্ত্রী- পপি রানী );

০৩। যেহেতু আপনি অফিসের মোটরসাইকেল ব্যবহার করেন এবং আপনার কাছে সংশ্লিষ্ট বিষয়ে জানতে চাইলে আপনি মোটরসাইকেলটি অফিসে নিয়ে আসেন না/জমা দেন না;

০৪। যেহেতু আপনি ১৮/০৭/২০২৩ ও ১৯/০৭/২০২৩ ইং তারিখে হাজিরা খাতায় সি.এল থাকা সত্ত্বেও তার উপর স্বাক্ষর দিয়েছেন;

০৫। যেহেতু আপনার দায়িত্বপ্রাপ্ত লেবুখালী ইউনিয়নের খেলাপীর হার ৮৬%;

০৬। যেহেতু আপনি জেলা (আঞ্চলিক) কার্যালয় ,বগুড়া তে যথাসময়ে যোগদান না করার অজুহাত হিসেবে আপনার পরিচিত (জ্ঞাতি গোষ্ঠি) মৃত সরস্বতী রানীর মুখাগ্নি এবং অন্ত্যেষ্টিক্রিয়ার পরবর্তী কাজ সম্পাদন করেছেন মর্মে মিথ্যা তথ্য উপস্থাপনের মাধ্যমে বিভ্রান্ত করেছেন;

০৭। যেহেতু আপনি জনাব রতন চন্দ্র দাস (আর-৪৪১) আপনার উল্লিখিত কার্যকলাপে এটি সুস্পষ্ট যে,আপনি পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও অর্থ-আত্মসাতমূলক অপরাধ সংঘটন করেছেন;

০৮। এক্ষণে, সেহেতু আপনি জনাব রতন চন্দ্র দাস, আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও অর্থ-আত্মসাতমূলক অপরাধ সংঘটনের দায়ে অভিযুক্ত করা হলো এবং এতদ্দ্বারা নির্দেশ দেয়া হলো যে, কেন আপনাকে উল্লিখিত প্রবিধানমালার বিধান মোতাবেক চাকরি হতে বরখাস্ত অথবা অন্যকোন বিকল্প গুরুদন্ড প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির তারিখ হতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ০৩ (তিন) প্রস্থে দাখিল করবেন এবং আত্মপক্ষ সমর্থনের জন্য আপনি ব্যক্তিগত শুনানি প্রদান করতে ইচ্ছুক কি-না তাও আপনার জবাবে উল্লেখ করবেন, যদি আপনি নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রদানে ব্যর্থ হন সেক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ অনুসারে আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি একতরফাভাবে নিষ্পন্ন করা হবে।

০৯। যে সকল অভিযোগের উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে তার একটি পৃথক বিবরণী আপনার জবাব প্রদানের সুবিধার্থে এতদসংগে সংযুক্ত করা হলো।

(শেখ মোঃ জামিনুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক

জনাব রতন চন্দ্র দাস (আর-৪৪১)
মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত)
জেলা (আঞ্চলিক) কার্যালয়, বগুড়া।

স্মারক নম্বরঃ পসব্য/প্রকা/প্রশা-২২(৪৫৮)/(২০২৩-২৪)/ ২৪৮২ তারিখ ঃ ০৭ মে, ২০২৪ খ্রি

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক-২ মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, দুমকী উপজেলা, পটুয়াখালী ।
০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য) ।
০৫। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, (জেলা কার্যালয়) বগুড়া,অভিযোগনামাটি ডাউনলোড করে জনাব রতন চন্দ্র দাস (আর-৪৪১), মাঠ সহকারীর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।
০৬। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, দুমকী শাখা , পটুয়াখালী ।
০৭। নথি /মহানথি।

(এলিজা জামান সুপ্তি)
সহকারী মহাব্যবস্থাপক

**পল্লী সঞ্চয় ব্যাংক, জনাব রতন চন্দ্র দাস (আর-৪৪১), মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), জেলা (আঞ্চলিক) কার্যালয়, বগুড়া (সংযুক্ত) এর বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলাজনিত জনিত মামলা নম্বর নং ২৭০ /২০২৩-২৪ এর**

**অভিযোগ বিবরণী**

০১। তিনি জনাব রতন চন্দ্র দাস (আর-৪৪১) (সাময়িকভাবে বরখাস্তকৃত), মাঠ সহকারী, জেলা (আঞ্চলিক) কার্যালয়, বগুড়া সংযুক্ত। ইতঃপূর্বে দুমকি শাখা ,পটুয়াখালীতে দ্বায়িত্বপালনকালে পরিশিষ্ট 'ক', পরিশিষ্ট 'খ', এবং পরিশিষ্ট 'গ 'অনুসারে সঞ্চয় বাবদ ৬৯,৮০০/- টাকা, ঋনের কিস্তি বাবদ ১৬,১১,৩২৬/- টাকা এবং বিতরনকৃত ঋন থেকে ৭০,০০০/- টাকা সহ সর্বমোট ১৭,৫১,১২৬/- টাকা হস্তমজুদ করেন;

০২। তিনি তার পরিবার ও আত্মীয় এরূপ ০৫ (পাঁচ) জনের নামে পাঁচ লক্ষ টাকা ঋণ নিয়েছেন (স্ত্রী-দিপানতিা হাজরা, মা-আলো রানী, ভাই স্বপন চন্দ্র দাস, ভাইয়ের স্ত্রী-অনন্যা দাস ও পপি রানী );

০৩। তিনি তার অফিসের মোটরসাইকেল ব্যবহার করেন এবং আপনার কাছে সংশ্লিষ্ট বিষয়ে জানতে চাইলে আপনি মোটরসাইকেলটি অফিসে নিয়ে আসেন না/জমা দেন না;

০৪। তিনি ১৮/০৭/২০২৩ ও ১৯/০৭/২০২৩ ইং তারিখে হাজিরা খাতায় সি.এল থাকা সত্ত্বেও তার উপর স্বাক্ষর দিয়েছেন;

০৫। যেহেতু আপনার দায়িত্বপ্রাপ্ত লেবুখালী ইউনিয়নের খেলাপীর হার ৮৬%;

০৬। তিনি জেলা (আঞ্চলিক) কার্যালয়,বগুড়া তে যথাসময়ে যোগদান না করার অজুহাত হিসেবে আপনার পরিচিত (জ্ঞাতি গোষ্ঠি) মৃত সরস্বতী রানীর মুখাগ্নি এবং অন্তেষ্টিক্রিয়ার পরবর্তী কাজ সম্পাদন করেছেন মর্মে মিথ্যা তথ্য উপাস্থাপনের মাধ্যমে বিভ্রান্ত করেছেন;

(শেখ মোঃ জামিনুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক